# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৩০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যাদের লাঠি রাতে আলো দিচ্ছিল সেখানে উসাইদ বিন হুযাইর রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে যে আনসারী সাহাবী ছিলেন তার নামের বর্ণনা

ذِكْرُ اسْمِ الْأَنْصَارِيِّ الَّذِي كَانَ مَعَ أُسيد حُضَيْرٍ حَيْثُ أَضَاءَتْ عَصَاهُمَا لَهُمَا

আরবী

2030 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ: أَنَّ عَبَّادَ بْنَ بِشْرٍ وأُسيد بْنَ حُضَيْرٍ خَرَجَا مِنْ عِنْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي لَيْلَةٍ ظَلْمَاءَ حِنْدِسٍ فَكَانَ مَعَ كُلِّ وَاحِدٍ مِنْهُمَا عَصًا فَأَضَاءَتْ عَصَا أَحَدِهِمَا كأشدِّ شَيْءٍ فَلَمَّا تفرَّقا أَضَاءَتْ عَصَا كُلِّ واحد منهما)
الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2030 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

২০৩০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আব্বাদ বিন বিশর ও উসাইদ বিন হুযাইর রাদ্বিয়াল্লাহু আনহুমা এক অন্ধকার রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছ থেকে বের হন। এমন সময় তাদের প্রত্যেকের হাতে লাঠি ছিল। অতঃপর তাদের একজনের লাঠি তাদের দুইজনকে (অলৌকিকভাবে) প্রকটভাবে আলো দিচ্ছিল। তারপর যখন তারা আলাদা হয়ে যান, তখন প্রত্যেকের লাঠি আলো দিতে শুরু করে!”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৩৭; সহীহ আল বুখারী: ৪৬৫; বাইহাকী, দালাইলুন নুবুওয়াত: ৬/৭৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকাতুল হিসান: ২০২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91348

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন